"শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২১- ৮৬৭ তারিখ- ২৮/১২/২১ খ্রিঃ

## সভার নোটিশ

আগামী ২৯/১২/২০২১খ্রিঃ তারিখ রংপুর সদর উপজেলা পরিষদের ডিসেম্বর/২১ মাসের সভা বেলা ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি:**

০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৪। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৫। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৬। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৭। UDCC সভা সম্পর্কে আলোচনা।
০৮। বিবিধ।

২৮/১২/২০২১
(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০৫২১-৬২১১৬।

প্রাপক :.......................................................

.......................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৬। নোটিশ বোর্ড....................................................... অফিস।
০৭। অফিস সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।
০৮। অফিস কপি।

# ডিসেম্বর-২১ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ২৯/১২/২০২১খ্রিঃ। |
| সময় | : | সকাল : ১১.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোছাঃ নুর নাহার বেগম সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুরের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:<br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভায়া টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | আগামী সভায় উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যানবৃন্দ রংপুর সদর, রংপুর |
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | জরুরী ভিত্তিতে নলকূপের তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ৭৫জনের নাম প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়েছে। কিন্তু অনুমোদন হয়ে আসে নাই। অনুমোদন প্রাপ্তির সাথে সাথে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে জেলা প্রশাসনের সহায়তায় রংপুর জেলাকে পিরানহা মাছ মুক্ত ঘোষণা করা হয়েছে। এ প্রেক্ষিতে রংপুর সদর উপজেলায় অভিযান, মোবাইল কোর্ট, সচেতনতা সভা, লিফলেট বিতরণ, বাজার পরিদর্শনসহ বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। এলক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, গণমান্য ব্যক্তিসহ সকলের সহযোগিতা প্রয়োজন। | | পিরানহা মুক্ত রাখতে জনসচেতনতা সভা, লিফলেট বিতরণসহ হাট-বাজারগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, কৃষকদেরকে প্রনোদনা কার্যক্রম চলমান আছে।<br>চেয়ারম্যান, ৩নং চন্দনপাট ইউপি বলেন যে, কৃষকদের জন্য যে ভর্তুকি কার্ড দেয়া হয়েছে সে কার্ডগুলো অনেকের ছিড়ে গেছে এবং নষ্ট হয়ে গেছে। এ ভতুর্কি কার্ডগুলো পুনরায় দেয়ার জন্য মতামত ব্যক্ত। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৭ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |
| ০৮ | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | | আগামী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |

চলমান পাতা-০৩

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, পাগলাপীর টু শ্যামপুর রাস্তাটি আগামী সপ্তাহে মেরামত কাজ শুরু হবে। ভুরারঘাট হতে পালিচড়া পর্যন্ত রাস্তাটি মেরামত করার জন্য কার্যাদেশ পাওয়া মাত্রই কাজ শুরু করা হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | কাজের গুনগতমান নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ১০০% বই পাওয়া যায় নাই। ৭০-৮০% বই পাওয়া গেছে। বিশেষ করে ইংরেজী বই এখন পর্যন্ত পাওয়া যায় নাই।<br>কোভিড-১৯ এর সংক্রমন বৃদ্ধির প্রেক্ষিতে এবারে বই উৎসব করা যাবে না। শুধু মাত্র বই বিতরণ ব্যানারে বই ছাত্র-ছাত্রীদের মাঝে বই স্কুলে দেয়ার কথা বলা হয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, যেগুলো বিষয়ে অদ্যাবধি পর্যন্ত বই পাওয়া যায় নাই সেই বিষয়গুলো গত বছরের বই হাতে দেয়া যায় কি না। এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করার ব্যাপারেও মতামত ব্যক্ত করেন। | | ছাত্র-ছাত্রীদের মাঝে গত বছরের বই বিতরণ করা যাবে কি না এতদসংক্রান্ত পত্র উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রংপুর সদর, রংপুর। |
| ১১ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ১০০% বই পাওয়া গেছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে বই প্রেরণ করা হয়েছে। কোভিড-১৯ এর সংক্রমণ বৃদ্ধির প্রেক্ষিতে এবারে বই উৎসব করা যাবে না। যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে বই বিতরণ ব্যানারে বই ছাত্র-ছাত্রীদের মাঝে বই দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেছেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, জেলা শিক্ষা অফিসার সকাল ১০:০০ ঘটিকার সময় অত্র শিক্ষা অফিসে এসে দেখেন যে, ১০টা পর্যন্ত অফিস খোলা হয় নাই। এ বিষয়ে তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং আমাকে মোবাইল ফোনে বিষয়টি অবহিত করেন। বিষয়টি অত্যন্ত দুঃখজনক। সকলকে সঠিক সময়ে অফিসে আগমন এবং প্রস্থানের জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, অফিস নির্ধারিত সময়ের মধ্যে খোলা হয়নি কেন এতদসংক্রান্ত কারণ সংশ্লিষ্টদের কারণ দর্শনোর জন্য গুরুত্বারোপ করেন। | | ১) ছাত্র-ছাত্রীদের মধ্যে যথা সময়ে বই বিতরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) নির্ধারিত সময়ের মধ্যে অফিস না খোলা কারণ ব্যাখ্যা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| [illegible] | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় অনুপস্থিত থাকার কারণে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, সরকারী রাজস্ব খাতের আওতায় ১৪টি প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে পত্র পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্তিসাপেক্ষে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরু করা হবে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্নস্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |
| ২০ | **উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি :**<br>উপ-সহকারী প্রকৌশলী, রংপর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>চেয়ারম্যান, ২নং হরিদেবপুর ইউনিয়ন পরিষদ সভায় অভিযোগ জানান যে, তার ইউনিয়নের একটি সেচ লাইসেন্স নেয়ার জন্য জনৈক মোঃ আলমগীর হোসেন আবেদন করেন। উক্ত ব্যক্তিকে ঠিকই লাইসেন্স প্রদান করা হয়েছে। কিন্তু যে জায়গায় সেচ লাইনের কার্যক্রম করার কথা কিন্তু সেখানে দাগ ও খতিয়ান নম্বর ভুল করে দেখানো হয়েছে। উক্ত কাজটি সংশোধনের জন্য তার কাছে আমি একজন অত্র ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে ফোন করার পর পরিচয় প্রদান করে কাজটি সংশোধন করার জন্য অনুরোধ করি এবং আমার ফোন নম্বরটি তাকে সংরক্ষণ করার জন্য অনুরোধ করি। কিন্তু ভূক্তভোগী আলমগীর হোসেন উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ মোসলেম উদ্দিনের কাছে গেলে তিনি খুব খারাপ ব্যবহার করেন সেই সাথে অকথ্য ভাষায় গালিগালাজ করেন। পরবর্তীতে আমি পুনরায় আবার ফোন করলাম কিন্তু তিনি পুনরায় আমার পরিচয় গ্রহণ করেন। সেচ লাইনের কাজটির বিষয় খবর জানতে চাইলে অসৌজন্যমূলক | ১) বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুর কর্তৃক হরিদেবপুর ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক প্রেরিত ব্যক্তিকে অকথ্য ভাষায় গালিগালাজ এবং ইউপি চেয়ারম্যানের সাথে দুব্যবহার করার কারণে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>২) উপজেলা সেচ কমিটির সভা জরুরী ভিত্তিতে আহবান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসির নামে প্রাপ্ত অভিযোগগুলো তদন্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| | আচরণ। এ বিষয়টি পরিষদ সভায় সকলের নিকট উপস্থাপন করেন। সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় বলেন যে, উপজেলা সেচ কমিটি নীতিমালায় তিনি সদস্য। কিন্তু কতগুলো সভা হয়েছে কি হয় নাই তাকে এ বিষয়গুলো সম্পর্কে কোন অবহিত করা হয় না। তিনি আরও বলেন যে, সেচ নীতিমালা অনুযায়ী যে সকল উপজেলায় বিএসসি প্রকৌশলী আছে তারাই উপজেলার সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুরের নামে অনেকগুলো অভিযোগ পাওয়া গেছে। তার মধ্যে একটি হলো তিনি প্রত্যেকটি সেচ লাইসেন্স বিপরীতে =২,০০০/- (দুই হাজার) টাকা করে নেন। সরকার কর্তৃক সেচ লাইসেন্স নীতিমালার কোন তোয়াক্কায় করেন না। তিনি আরোও বলেন যে, সেচ লাইসেন্স আবেদন আগষ্ট মাস হতে পাওয়া গেলেও জানুয়ারী পর্যন্ত সেচ কমিটির মিটিং আহবান করেন নাই। সেচ মৌসুমেও কৃষকগণ লাইসেন্সর জন্য উপজেলায় যাওয়া আসা করতেছে। এখানে সাধারণ কৃষকদের ক্ষতি হচ্ছে। জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত ০৩টি সেচ মিটিং করার কথা থাকলেও একটিও করে নাই। যা অত্যান্ত দুঃখজনক। | | |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর |
| ২২ | **ভাইস চেয়ারম্যান :**<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, পালিচড়া হাট-বাজারটির মহিলা মার্কেট নিয়মতান্ত্রিকভাবে বরাদ্দ দেয়ার কথা থাকলেও কিন্তু অনেকেই গোডাউন হিসেবে ব্যবহার করে আসছে। নীতিমালার আলোকে মহিলা মার্কেটটি পরিচালনার জন্য মতামত ব্যক্ত করেন।<br>তিনি আরো বলেন যে, বিএডিসি'র একটি সেচ নলকূপ নিয়েছি। উক্ত এলাকায় পুকুর থেকে পানি উত্তোলণ করে কৃষি কাজে ব্যবহার করা হচ্ছে। কিন্তু উক্ত এলাকায় পুকুর খননের প্রতিযোগিতা চলছে। ফলে সেচ কাজে ব্যবহৃত পাইপ লাইনগুলো বাহির হয়ে যাচ্ছে। এখনেই বালু উত্তোলণ বন্ধ করা না গেলে আগামীতে সেচ পানি প্রদান কার্যক্রম ব্যাঘাত সৃষ্টি হবে। | নীতিমালার আলোকে মহিলা মার্কেট বরাদ্দ এবং এর ব্যবহার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, রংপুর সদর, রংপুর। |
| ২৩ | **চেয়ারম্যান সদ্যপুস্করিনী ইউপি:**<br>চেয়ারম্যান, ৩নং সদ্যপুস্করিনী ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়নের যে সকল ইট ভাটা আছে এ ভাটার মালিকগণ ইউনিয়ন পরিষদ হতে কোন ধরনের লাইসেন্স গ্রহণ করে না। লাইসেন্স কিভাবে তারা সংগ্রহ করে সেটাও তার জানা নেই।এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় মতামত ব্যক্ত করেন। | মোবাইল কোট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার/ইউপি চেয়ারম্যান, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৬

| | | | |
|---|---|---|---|
| ২৪ | **বিবিধ :**<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মহান বিজয় দিবস-২১ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, রংপুর হতে আর্থিক সহযোগিতা চাওয়া হয়। তারে প্রেক্ষিতে উপজেলা রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা আর্থিক সহযোগিতা প্রদান করা হয়। উক্ত ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | মহান বিজয় দিবস-২১ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, রংপুরকে সহযোগিতা প্রদান বাবদ =২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর। |
| | তিনি আরো বলেন যে, মহান বিজয় দিবস-২১ উপলক্ষ্যে আলোকসজ্জা করার জন্য গত নভেম্বর/২১ মাসের পরিষদ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ চত্বর, সরকারী বাসভবন অফিস ভবন সমূহ আলোকসজ্জা করা হয়। উক্ত কাজে মোট ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। এ ব্যয় অনুমোদন করার জন্য সভায় উপস্থাপন করেন। | মহান বিজয় দিবস-২১ উদযাপন উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বর, সরকারী বাসভবন, অফিস ভবন আলোকসজ্জা করণ বাবদ ব্যয়িত =২৫,০০০/- (পচিশ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর। |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, মহান বিজয় দিবস-২১ উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বর পরিস্কার, উপজেলা চত্বরে জঙ্গল পরিস্কার এবং পানি নিস্কাশনের ড্রেন পরিস্কার করণ করা হয়। এ কাজগুলো করতে সর্বমোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা ব্যয় হয়। ব্যয়োত্তর অনুমোদন করার জন্য সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বর ঝাড়ু দেয়া, চত্বর জঙ্গল পরিস্কার, পানি নিস্কাশনের ড্রেন পরিস্কার বাবদ =৬,০০০/- (ছয় হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর। |
| | তিনি আরো বলেন যে, উপজেলা আবাসিক ফুলেশ্বরী ভবনের পানির পাম্প মেরামত এবং ইউনিট ১ ও ২ এর পানির লাইন মেরামত করা হয়েছে। পানির পাম্প ও লাইন মেরামত কাজে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়োত্তর অনুমোদন করার জন্য সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে ফুলেশ্বরী ভবনের পানির পাম্প ও লাইন মেরামত বাবদ =২০,০০০/- (বিশ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/২০২২

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
**উপজেলা পরিষদ সভা কমিটি**
রংপুর সদর, রংপুর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২১- ৮৮২ তারিখ- ৩০/১১/২০২১

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।

৯। উপজেলা...................................... অফিসার, রংপুর সদর, রংপুর।

১০। চেয়ারম্যান...................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব ............................................................

১২। অফিস কপি।

২৯/১১/২০২১

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।